Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আলোকিত বাংলাদেশ




বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার অ্যাডমিরাল ড. খন্দকার আক্তার হোসেন গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

## দৈনিক বর্তমান




### ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি

বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার অ্যাডমিরাল ড. খন্দকার আক্তার হোসেন এনইউপি, এনডিসি, পিএসসি আজ ৮ জুলাই ২০২৫ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান শিক্ষা ও গবেষণা কার্যক্রমের উৎকর্ষ সাধনে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন।

## দৈনিক বর্তমান



# ঢাবি ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের শিক্ষার্থীদের পরিচিতি সভা অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের বিবিএ ৩১তম ব্যাচের পরিচিতি সভা আজ ৮ জুলাই ২০২৫ মঙ্গলবার বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাসিনা শেখ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম এবং অধ্যাপক ড. আবদুল্লাহ আল মাহমুদ অনুষ্ঠানে বক্তব্য দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, কঠোর প্রতিযোগিতার মধ্য দিয়ে দেশের সবচেয়ে স্বনামধন্য বিদ্যাপীঠে তোমরা ভর্তির সুযোগ পেয়েছো। বিভিন্ন সীমাবদ্ধতা সত্ত্বেও শিক্ষা ও গবেষণায় দেশ-বিদেশে এই বিশ্ববিদ্যালয়ের সুনাম রয়েছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এই বিশ্ববিদ্যালয় অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। এই ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। জুলাই অভ্যুত্থানের পর আমরা যে নতুন বাংলাদেশের স্বপ্ন দেখছি, তা বিনির্মাণে শিক্ষার্থীদের কার্যকর ভূমিকা পালন করতে হবে। প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার জন্য শিক্ষার্থীদের দক্ষ হয়ে গড়ে উঠার উপর তিনি গুরুত্বারোপ করেন।